

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ  
রাজউক ভবন, ঢাকা-১০০০।

হাতিরঝিল প্রকল্প এলাকায় ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজউকের আওতাধীন হাতিরঝিল প্রকল্প এলাকায় নির্মিত ভবন-১ এ সুপেরিয়র সাইজ নিট ১২৮৪ বর্গফুট (কম/ বেশি) কমনস্পেস ৩১৬ বর্গফুট (কম/বেশি) সহ মোট ১৬০০ বর্গফুট (কম/বেশি) আয়তনের ২৬টি ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তিগণকে ফ্ল্যাট বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে আগামী ০৮.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম ও প্রসপেক্টাস অগ্রণী ব্যাংক লিঃ, রাজউক ভবন শাখা, ঢাকা হতে টাকা-৫,০০০/- (পাঁচ হাজার) মাত্র (অফেরতযোগ্য) মূল্যে আগামী ০৯.০৮.২০২০ খ্রি: তারিখ হতে সংগ্রহ করা যাবে এবং আগামী ০৮.০৯.২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত জমা দেয়া যাবে। উল্লিখিত ব্যাংক এর নির্ধারিত শাখায় জামানত বাবদ টা: ৪,০০,০০০/- (চার লক্ষ ) মাত্র জমা করে ব্যাংক রসিদের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ রাজউক ওয়েবসাইট [www.Rajuk.gov.bd](http://www.Rajuk.gov.bd) হতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করে প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে 'চেয়ারম্যান, রাজউক' এর বরাবরে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে পারবেন। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ ১০০/- (একশত) মার্কিন ডলার (অফেরতযোগ্য) জামানতের সঙ্গে জমা প্রদান করতে হবে। জামানতের অর্থ চেয়ারম্যান, রাজউক "হাতিরঝিল এ্যাপার্টমেন্ট প্রকল্প" এর অনুকূলে এফ,ডি,ডি /টি,টি এর মাধ্যমে Agrani Bank Limited, Foreign Exchange Corporate Branch, I/B, RAJUK, Avenue, Motijheel C/A, Dhaka, FCAD Account No. 003, চেয়ারম্যান, রাজউক "হাতিরঝিল এ্যাপার্টমেন্ট প্রকল্প" শিরোনামে প্রেরণ করতে হবে। যাবতীয় তথ্যাবলী ক্রয়কৃত প্রসপেক্টাসে উল্লেখ রয়েছে।

আবেদনপত্র জমা দেয়ার পর পরবর্তীতে আর কোনো কাগজপত্র সংযুক্ত করা যাবে না। অসম্পূর্ণ/ ক্রটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, রাজউক কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বরাদ্দ কার্যক্রম বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।

(শামীমা মোমেন)

সচিব (চলতি দায়িত্ব)

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।